# AKASHVANI (Kolkata)
# Regional News Unit
# Date:  17-10-2025
# 7-50 PM

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ রাজস্থানে একটি খুনের ঘটনায় সল্টলেক থেকে আজ তিন দুষ্কৃতীকে গ্রেপ্তার করা হয়েছে। # চতুর্থ জনের খোঁজে তল্লাশি চলছে।

২/ সারদা চিটফান্ড মামলায় সুপ্রিম কোর্ট, রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমারের আগাম জামিন বহাল রেখেছে।

৩/ পশ্চিমবঙ্গে, শিশু কন্যারাও সুরক্ষিত নয় বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস মন্তব্য  করেছেন।

৪/ নিউটাউন-কলকাতা উন্নয়ন কর্তৃপক্ষ- NKDA-এর নতুন চেয়ারম্যান হলেন, শোভন চট্টোপাধ্যায়।

৫/ কালীপুজো, দীপাবলী ও ছট পুজোতে সুপ্রিম কোর্ট, কলকাতা হাইকোর্ট ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্দেশ মেনে নিষিদ্ধ শব্দবাজি যাতে কোনোভাবেই পোড়ানোর না হয়, রাজ্য সরকার সব জেলা প্রশাসনকে তা' নিশ্চিত করতে বলেছে।

৬/ ইডেনে চারদিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে তৃতীয় দিনের শেষে উত্তরাখণ্ড, বাংলার বিরুদ্ধে ৫৫ রানে এগিয়ে রয়েছে।

************************************************************

রাজস্থানে একটি খুনের ঘটনায় সল্টলেক থেকে ধৃত তিন দুষ্কৃতীকে আজ শিয়ালদা আদালতে তোলা হয়। তাদের পাঁচদিনের ট্রানজিট রিমান্ডের নির্দেশ দেওয়া হয়েছে। রাজস্থান পুলিশ এরপর তাদের সেখানে নিয়ে গিয়ে জিজ্ঞাসাবাদ করবে।

উল্লেখ্য, গত ৭'ই অক্টোবর রাজস্থানের কুচমানে এক ব্যবসায়ীকে গুলি করে খুনের ঘটনায় জড়িত ছিল গুজরাটের চার দুষ্কৃতী। সম্প্রতি তারা কলকাতায় আশ্রয় নেয়। লালবাজারে গুন্ডাদমন শাখা নির্দিষ্ট খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে দুজন-কে ফুলবাগান থেকে আটক করে। আরেক অভিযুক্ত বিধাননগর সাউথ থানা এলাকার পূর্বাচল হাউজিং এস্টেটে গা-ঢাকা দেয়। সেখানেই স্থানীয়দের হাতে ধরা পড়ে সে।  চতুর্থ জনের খোঁজে তল্লাশি চলেছে।

**************************

সারদা চিট ফান্ড মামলায় সুপ্রিম কোর্ট, রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমারের আগাম জামিন বহাল রাখার নির্দেশ দিয়েছে। প্রধান বিচারপতি বি আর গাভাই জানিয়েছেন, কলকাতা হাইকোর্ট রাজীব কুমারকে যে আগাম জামিনের নির্দেশ দিয়েছিল, তা বহাল থাকছে। তবে তাঁর বিরুদ্ধে CBI-এর আদালত অবমাননার অভিযোগ নিয়ে শুনানি গ্রহণ করবে শীর্ষ আদালত। আট সপ্তাহ পরে হবে এই শুনানি। আজ মামলার চলাকালীন সলিসিটর জেনারেল তুষার মেহতা আদালতে জানান, সারদা চিট ফান্ড মামলায় রাজীব কুমারকে জিজ্ঞাসাবাদের জন্য, CBI অফিসারদের গ্রেফতার হতে হয়েছিল। পাশাপাশি কেন্দ্রীয় তদন্ত ব্যুরোর উচ্চপদস্থ আধিকারিকরা হেনস্থার'ও সম্মুখীন হন। রাজীব কুমারের পক্ষে আইনজীবী অভিষেক মনু সিংভি এই অভিযোগ সত্য নয় বলে দাবী করেন।

**************************

পশ্চিমবঙ্গে শিশু কন্যারাও সুরক্ষিত নয় বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন। তিনি আজ রাজভবনে এক বই প্রকাশ অনুষ্ঠানে বলেন, এরাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল নয়। দুর্গাপুরের ঘটনায় অকুস্থল পরিদর্শন ও নির্যাতিতা ও তাঁর পরিবারের সঙ্গে কথা বলে তাঁর এই উপলব্ধি হয়েছে বলেও রাজ্যপাল উল্লেখ করেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে পাঠানো রিপোর্টে তিনি তাঁর মতামত জানিয়েছেন বলে রাজ্যপাল জানান।

**************************

পুরুলিয়ার দেবেন মাহাতো মেডিক্যাল কলেজ হাসপাতালের ইন্টার্ন চিকিৎসকরা অবশেষে কাজে যোগ দিতে সম্মত হলেন। জেলা প্রশাসন ও স্বাস্থ্য কর্তারা সমস্যা সমাধানের জন্য আজ সকাল থেকে দফায় দফায় আলোচনা চালান। মেডিক্যাল কলেজের এম এস ভি পি সুকোমল বিষয়ী বলেন, ক্যাম্পাসের সদর হাসপাতাল, হাতুয়াড়ায় মূল মেডিক্যাল কলেজে নিয়ে আসার উদ্যোগ নিতে বলা হয়েছে। এছাড়াও যে রাস্তা দিয়ে যেতে হয় সেখানে পর্যাপ্ত আলো এবং মেডিক্যাল কলেজে জলের ব্যাবস্থা করার আশ্বাস মিলেছে। তারপরই কর্মবিরতি তুলে নেবার কথা জানিয়েছেন ইন্টার্নরা। আগামীকাল থেকে তারা স্বাভাবিক ভাবে কাজ করবেন বলে জানিয়েছেন।

**************************

দেশের অর্থনীতিকে শক্তিশালী করতে বিজেপি, 'স্বদেশী সবার ঘরে স্বদেশী অন্তরে' কর্মসূচি চালু করেছে। কলকাতায় কর্মসূচির আহ্বায়ক ও সাংসদ জগন্নাথ সরকার আজ কলকাতায় সাংবাদিকদের জানিয়েছেন, দেশের প্রকৃত উন্নয়নে আত্মনির্ভরতা অত্যন্ত জরুরি এবং দেশকে সারা বিশ্বে শ্রেষ্ঠ করে তুলতে স্বদেশী পণ্যের ব্যবহার'ই একমাত্র পথ বলে তিনি উল্লেখ করেন। শ্রী সরকার জানান, ১০০ দিনের এই কর্মসূচিতে দলের কর্মীরা প্রতিটি বাড়িতে গিয়ে স্বদেশী পণ্য ব্যবহারের বিষয় প্রচার চালাবে।

**************************

দলীয় সাংসদ খগেন মুর্মুর উপর হামলার প্রতিবাদে বর্ধমানে বিজেপির বিক্ষোভ ও জেলাশাসকের কাছে ডেপুটেশন কর্মসূচী ঘিরে আজ উত্তেজনা ছড়ায়। বর্ধমান স্টেশন থেকে দলের কর্মী সমর্থকরা মিছিল করে কার্জন গেট চত্বরে আসে। মিছিলে উপস্থিত ছিলেন দলের রাজ্যসভার সাংসদ হর্ষবর্ধণ শ্রিংলা, প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা, বর্ধমান সাংগঠনিক জেলা সভাপতি অভিজিৎ তাসহ অন্যান্য নেতৃবৃন্দ। জেলাশাসকের দপ্তরে যাওয়ার রাস্তা ব্যারিকেড দিয়ে ঘিরে দেয় পুলিশ। মিছিল ব্যারিকেডের কাছে আসতেই পুলিশ বাধা দিলে তাদের সংগে ধবস্তাধস্তি হয় সাময়িক উত্তেজনার সৃষ্টি হয়।

***************************

নিউটাউন-কলকাতা উন্নয়ন কর্তৃপক্ষ- **NKDA**-এর নতুন চেয়ারম্যান হলেন, শোভন চট্টোপাধ্যায়। কলকাতার প্রাক্তন মেয়র তথা রাজ্যের প্রাক্তন মন্ত্রী শোভন চট্টোপাধ্যায়-কে নিয়োগ করার আগে এই পদে ছিলেন রাজ্যের প্রাক্তন মুখ্যসচিব তথা মুখ্যমন্ত্রীর মুখ্য উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায়।

***************************

ছোট গাড়ির জিএসটি হার কমার ফলে সারা দেশ থেকে বিক্রি বেশি হওয়ার খবর আসছে। সমীক্ষায় উঠে এসেছে,উৎসবের মরশুমে দেশের অন্যতম অটোমোবাইল কোম্পানি মারুতি, রেকর্ড সংখ্যক গাড়ি বুকিং ও বিক্রি করেছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- )

***************************

আসন্ন কালীপুজো, দীপাবলি ও ছটপুজোতে সুপ্রীম কোর্ট, কলকাতা হাইকোর্ট ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্দেশ মেনে নিষিদ্ধ শব্দবাজি যাতে কোনভাবেই পোড়ানো না হয়, রাজ্য সরকার সব জেলা প্রশাসনকে তা' সুনিশ্চিত করতে বলেছে। অমান্য করলে কড়া পদক্ষেপ নেওয়ার জন্যে মুখ্যসচিব মনোজ পন্থ সব জেলাশাসক ও পুলিশ প্রশাসনকে নির্দেশ দিয়েছেন। কলকাতার বিভিন্ন আবাসন সহ নানা জায়গায় কড়া নজরদারি ও অগ্নিকান্ড প্রতিরোধে সব ধরনের ব্যবস্থা নিতেও বলা হয়েছে।

এদিকে, কলকাতা পুলিশ কালীপুজো, দীপাবলি ও ছটপুজোর দিনগুলিতে বাজি পোড়ানোর জন্য নির্দিষ্ট সময়সীমা বেঁধে দিয়েছে। সোমবার কালীপুজো ও দীপাবলিতে রাত ৮ টা থেকে ১০টা এবং ২৮শে অক্টোবর ছটপুজোর দিন সন্ধ্যা ৬'টা থেকে রাত ৮টা পর্যন্ত শুধুমাত্র পরিবেশ বান্ধব সবুজ বাজি পোড়ানো যাবে।

অন্যদিকে, কালীপুজো ও আলোর উৎসব দীপাবলীর জোরদার প্রস্তুতি চলেছে গোটা রাজ্যেই। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ কলকাতার গিরিশ পার্ক সহ কয়েকটি পুজোর উদ্বোধন করেন। ইতমধ্যেই আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে শহরের বিভিন্ন এলাকা। দীপাবলীর আগে ধনতেরস-কে কেন্দ্র করে সোনার দোকানগুলি'ও সেজে উঠেছে। দেওয়া হচ্ছে বিভিন্ন অফার'ও। সমৃদ্ধির প্রতীক এই ধনদতেরশ বা ধন-ত্রয়োদশী পালিত হবে আগামীকাল।

***************************

পরিবেশ সংগঠন সবুজ মঞ্চ , যে কোনো ধরনের বাজির উৎপাদন, মজুত, বিক্রি ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করার দাবি জানিয়েছে। কলকাতা প্রেস ক্লাবে আজ এক সাংবাদিক বৈঠকে সংগঠনের তরফে বলা হয়, সম্মতি দিলেও সুপ্রিম কোর্ট জানিয়েছে সবুজ বাজি নামে চিহ্নিত বাজিগুলি সাধারণ বাজির তুলনায় ৩০ শতাংশ কম দূষণ সৃষ্টি করে, অর্থাৎ সেগুলিও দূষণের ঊর্ধ্বে নয়। প্রশাসনিক সহযোগিতা না থাকলে পরিবেশ বাঁচাতে সাধারণ মানুষকেই এগিয়ে আসতে হবে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিজিৎ )

**************************

রাজ্য সরকার, দুর্গাপুজোর আগে অতিবৃষ্টিতে বিদ্যুতস্পৃষ্ট হয়ে এবং অন্যান্য কারণে মৃত ১২ জনের পরিবারের হাতে সহায়তার টাকা তুলে দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ কলকাতায় একটি কালীপুজোর মন্ডপ থেকে প্রতিটি পরিবারের হাতে দুই লক্ষ টাকার চেক তুলে দেন। এ ছাড়া পরিবারের একজনকে হোমগার্ডে বিশেষ চাকরির নিয়োগ পত্র দেওয়া হয়েছে।

**************************

নেশা মুক্ত ভারতের লক্ষ্যে **'Liquor Free India Movement'**-এর একটি প্রতিনিধি দল রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে নতুন দিল্লীতে গত ১৫ ই অক্টোবর দেখা করে। প্রতিনিধি দলে ছিলেন সংগঠনের পশ্চিমবঙ্গ শাখার প্রধান কল্যাণী পালুই। ওড়িশার একটি স্বেচ্ছাসেবী সংগঠন মিলিত ওড়িশা নিশা নিবারণ অভিযান এর সদস্য এই দলে উপস্থিত ছিলেন।
সংগঠনের সদস্যরা মদ ও মাদক দ্রব্য কিভাবে মানুষ, পরিবার ও সমাজের ক্ষতি করে তা' সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, ভারতকে মাদক মুক্ত করতে সব রকমের সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছেন বলে জানান কল্যাণী পালুই।

( বাইট- কল্যাণী পালুই)

**************************

ইডেনে চারদিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে তৃতীয় দিনের শেষে উত্তরাখণ্ড বাংলার বিরুদ্ধে ৫৫ রানে এগিয়ে রয়েছে। আজ তৃতীয় দিনে বাংলার প্রথম ইনিংস ৩২৩ রানে শেষ হয়। সুমন্ত গুপ্ত ৮২ রান করেন। উত্তরাখণ্ডের দেবেন্দ্র সিং বোরা ছয় উইকেট নেন। এরপর উত্তরাখন্ড দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে দিনের শেষে ২ উইকেটে ১৬৫ রান করেছে। প্রশান্ত চোপড়া ৮২ রান করেন। অধিনায়ক কুনাল চান্ডেলা ৬৮ রানে অপরাজিত আছেন। বাংলার হয়ে আকাশ দীপ ও বিশাল ভাটি একটি করে উইকেট নিয়েছেন।

উল্লেখ্য, উত্তরাখণ্ড প্রথম ইনিংসে করেছিলো ২১৩ রান।

*******************************************************************